সমকাল

তারিখ · ২৩ MAR ২০১৫
পৃষ্ঠা ১ কলাম ২

# 'ঝুলে আছে আড়াইশ' কর্মকর্তার জ্যেষ্ঠতা

■ শরীফুল ইসলাম

**আসছে তিন স্তরে মেগা পদোন্নতি**

প্রায় আড়াইশ' কর্মকর্তার ধারণাগত জ্যেষ্ঠতা নিয়ে সৃষ্ট জটিলতার সুরাহা না করেই দেওয়া হচ্ছে প্রশাসনে তিন স্তরে মেগা পদোন্নতি। ইতিমধ্যে পদোন্নতির জন্য সুপিরিয়র সিলেকশন বোর্ডের (এসএসবি) সুপারিশকৃত তালিকা প্রধানমন্ত্রীর কার্যালয়ে পাঠানো হয়েছে। প্রধানমন্ত্রী সই দিলেই তিন স্তরে প্রায় সাড়ে ৬০০ কর্মকর্তার পদোন্নতি হবে। চলতি সপ্তাহের মধ্যে এ পদোন্নতির প্রজ্ঞাপন জারি হতে পারে বলে জনপ্রশাসন মন্ত্রণালয় সূত্রে জানা গেছে।

সূত্র জানায়, গত দুই মাস ধরে বৈঠক করে পদোন্নতির তালিকা তৈরি করেছে এসএসবি। এর মধ্যে যুগ্ম সচিব থেকে অতিরিক্ত সচিব পদে দেড় শতাধিক কর্মকর্তা ও উপসচিব থেকে যুগ্ম সচিব পদে দুই শতাধিক কর্মকর্তা এবং সিনিয়র সহকারী সচিব থেকে উপসচিব পদে প্রায় ৩০০ কর্মকর্তা রয়েছেন। যুগ্ম সচিব থেকে অতিরিক্ত সচিব পদে পদোন্নতির ক্ষেত্রে কিছুটা জটিলতায় পড়তে হয় এসএসবিকে। কারণ এ পদে কর্মরত আড়াইশ' যুগ্ম সচিব (যারা সিনিয়র হয়েও পরে পদোন্নতি পেয়েছেন) পদোন্নতির দাবিদার হয়ে পড়েন। তারা নিয়ম ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৪

## ঝুলে আছে আড়াইশ'

[প্রথম পৃষ্ঠার পর]

মোতাবেক ধারণাগত জ্যেষ্ঠতা দিয়ে পদোন্নতি দিতে সরকারের বিভিন্ন মহলে তদবির শুরু করেন। ফলে আটকে যায় পদোন্নতি। পরে ধারণাগত জ্যেষ্ঠতার দাবিদার কিছু কর্মকর্তাকে প্রমার্জনা দিয়ে পদোন্নতির তালিকায় অন্তর্ভুক্ত করা হলেও অনিষ্পন্ন থেকে যায় ধারণাগত জ্যেষ্ঠতার বিষয়টি।

এ বিষয়ে জানতে চাইলে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী সমকালকে বলেন, পদোন্নতির বিষয়টি প্রায় শেষ পর্যায়ে। জ্যেষ্ঠতা নিয়ে কিছু কর্মকর্তা দাবি করছেন। এটি নিয়ম মোতাবেক দেখা হচ্ছে।

জানা গেছে, অতিরিক্ত সচিব পদোন্নতির ক্ষেত্রে মূলত প্রশাসনের ৮৫ ব্যাচকে বিবেচনায় আনা হচ্ছে। এ ব্যাচ থেকে মেধাবী ও দক্ষ কর্মকর্তা বিবেচনা করে প্রায় ১২৫ কর্মকর্তা অতিরিক্ত সচিব পদে পদোন্নতির প্রক্রিয়ায় রয়েছেন। যুগ্ম সচিব পদে পদোন্নতিতে ৮৬ ব্যাচের বঞ্চিত কর্মকর্তা ছাড়াও নবম ও দশম ব্যাচের কর্মকর্তারা স্থান পাবেন। উপসচিব পর্যায়ে পদোন্নতিতে মূলত ২০তম ব্যাচকেই বিবেচনায় আনা হচ্ছে। এ ছাড়া কিছুসংখ্যক কর্মকর্তা এ স্তরের পদোন্নতির আওতায় আসবেন, তারা বিগত সময়ে বঞ্চিত হয়েছিলেন।

**পদ নেই পদোন্নতি :** পদ না থাকলেও অতীতের ধারাবাহিকতা রক্ষায় তিন স্তরের প্রায় সাড়ে ৬০০ কর্মকর্তাকে দেওয়া হচ্ছে পদোন্নতি। এ পদোন্নতি দেওয়া হলেও তাদের কাজ করতে হবে আগের পদে। প্রশাসনের অতিরিক্ত সচিব পদে ১৩০টি পদ থাকলেও বর্তমানের এ পদে কর্মকর্তার সংখ্যা ২৬০ জন। এ পদে প্রায় ১০০ কর্মকর্তা আগের পদে এখনও কর্মরত। নতুন পদ সৃষ্টি করে তাদের পদায়ন করা যায়নি। এর পরও আবার প্রায় দেড়শ' কর্মকর্তাকে এ পদে পদোন্নতি দেওয়া হচ্ছে। একইভাবে যুগ্ম সচিব পদের চেয়ে কর্মকর্তার সংখ্যা দ্বিগুণের চেয়ে বেশি দাঁড়িয়েছে। বর্তমানে যুগ্ম সচিব পদ রয়েছে ৪৩০টি। এর বিপরীতে কর্মকর্তা ৯০৭ জন। এ পদে প্রায় আড়াইশ' কর্মকর্তা আগের পদে এখনও কর্মরত। এর পরও এ পদে আরও ২০০ কর্মকর্তাকে পদোন্নতি দেওয়া হচ্ছে। বর্তমানে উপসচিবের অনুমোদিত পদ আছে ৮৩০টি। বর্তমানে উপসচিব আছেন এক হাজার ৩১৩ জন। এ পদে প্রায় ৫০০ কর্মকর্তা এখনও অতিরিক্ত পর্যায়ে রয়েছেন। এর পরও ৩০০ কর্মকর্তা পদোন্নতি পাচ্ছেন । এতে নিচের স্তরে কর্মকর্তার সংখ্যা কমে যাবে।

**নিচের স্তরে কম কর্মকর্তা :** উপরের স্তরে পদের চেয়ে কর্মকর্তার সংখ্যা মাত্রাতিরিক্ত হলেও নিচের স্তরের সিনিয়র সহকারী সচিব ও সহকারী সচিব (মাঠপর্যায়ে সহকারী কমিশনার) পর্যায়ের এখনও অনেক পদ শূন্য। বর্তমানে সিনিয়র সহকারী সচিব আছেন এক হাজার ৪৩৪ জন। পদ প্রায় এক হাজার ৮০০। সহকারী সচিব এক হাজার ৯৫ জন। জনপ্রশাসন মন্ত্রণালয়ের এক কর্মকর্তা জানান, এই পদে দরকার আরও ৭০০ থেকে ৮০০ কর্মকর্তা। নিচের স্তরে কর্মকর্তার অভাবে সহকারী কমিশনারের (এসি ল্যান্ড) প্রায় অর্ধেক পদই শূন্য। বর্তমানে এসি ল্যান্ডের মঞ্জুরিকৃত পদ আছে ৪৮৫। কর্মরত আছেন অর্ধেকের কিছু বেশি কর্মকর্তা।

**সমাধান হয়নি ধারণাগত জ্যেষ্ঠতার :** মেধাক্রমে প্রথমদিকে থাকলেও ২০১২ সালে ফেব্রুয়ারিতে যুগ্ম সচিব পদে পদোন্নতি পাননি প্রায় আড়াইশ' কর্মকর্তা। পরে পদোন্নতি পেলে নিয়মানুযায়ী ধারণাগত জ্যেষ্ঠতার জন্য আবেদন করলে গত দেড় বছরে তাদের জ্যেষ্ঠতা দেওয়া হয়নি। জ্যেষ্ঠতার সাধারণ নীতিমালার ১৯৭০-এর বি(আই)(এ) অনুযায়ী, কোনো কর্মকর্তা পদোন্নতির ক্ষেত্রে বাদ পড়লে পরে তিনি পদোন্নতি পেলে তার জ্যেষ্ঠতা সংরক্ষণ করতে হবে। এর পরিপ্রেক্ষিতে ২৪৯ যুগ্ম সচিব জ্যেষ্ঠতার আবেদন করলেও তাদের দেওয়া হয়নি জ্যেষ্ঠতা। ফলে তারা পদোন্নতিতে বিবেচনায় আসার সুযোগ পাননি। তবে তাদের মধ্য থেকে কিছু কর্মকর্তাকে প্রমার্জনা দিয়ে পদোন্নতির তালিকায় আনা হয়েছে।